দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 01 JUN 2016 ...
পৃষ্ঠা ...১৩... কলাম ...৬......

# বাকৃবি ছাত্রলীগে সবাই নেতা কমিটি নেই

■ বাকৃবি সংবাদদাতা

প্রায় ৯ মাস যাবৎ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) শাখা ছাত্রলীগের কমিটি নেই। কমিটিতে যারা স্থান পেতে চান তারা বিশ্ববিদ্যালয়ের ক্লাস ও গবেষণা কর্মকাণ্ড বাদ দিয়ে পড়ে আছেন কেন্দ্রীয় নেতাদের দুয়ারে। বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে নিজেদের মধ্যে চলছে গ্রুপিং, কোন্দল। কমিটি বিহীন ছাত্রলীগে এখন সবাই নেতা, এমনটা অভিযোগ অনেকেরই।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ময়মনসিংহ জেলা ছাত্রলীগের সভাপতি জসিমউদ্দিনের সঙ্গে বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মুর্শেদুজ্জামান খান বাবুর কোন্দলের জের ধরে গত বছরের ৬ সেপ্টেম্বর বাকৃবি শাখা ছাত্রলীগের কমিটি স্থগিত ঘোষণা করে কেন্দ্রীয় ছাত্রলীগ কমিটি। এরপর থেকেই নতুন কমিটিতে পদের আশায় দৌড়ঝাঁপ শুরু করে বাকৃবি ছাত্রলীগের ডজন খানেক নেতা।